

## তথ্য কমিশনে ১১/১০/২০১৭ তারিখের শুনানীর ফলাফল

তথ্য কমিশন আদালতে আজ ০৮টি অভিযোগের শুনানীশেষে ০২টি অভিযোগের নিষ্পত্তি করা হয়। ০৪ টি অভিযোগের পরবর্তী শুনানীর তারিখ নির্ধারিত হয় এবং ০২ টি অভিযোগ খারিজ করে দেওয়া হয়।



নিষ্পত্তিকৃত অভিযোগগুলো হচ্ছে ঢাকার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের উপ-সচিব (প্রশাঃ ও সংস্থা) এবং বরিশালের বাকেরগঞ্জ পৌরসভার অফিস সহকারীর বিরুদ্ধে আনিত অভিযোগ। শুনানীতে আবেদনকারীদের প্রার্থিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদানের নির্দেশ দেওয়া হয়।

অন্যদিকে সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, রূপালী ব্যাংক লিমিটেড প্রধান কার্যালয়ের ব্যবস্থাপনা ও তথ্য বিভাগের উপ-মহাব্যবস্থাপক, লক্ষীপুর জেলার নুরুল্লাহপুর এ.এ. উচ্চ

বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং নুরুল্লাপুর আঞ্জুমান আরা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে আনিত অভিযোগের পরবর্তী শুনানীর দিন ধার্য করা হয়।

শুনানীতে অংশ নেন প্রধান তথ্য কমিশনার অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান এবং তথ্য কমিশনার জনাব নেপাল চন্দ্র সরকার।

স্বাক্ষরিত:-

(লিটন কুমার প্রামাণিক)

জনসংযোগ কর্মকর্তা

তথ্য কমিশন

ফোন-৯১৩৭৩৩২

E-mail: pro@infocom.gov.bd